মেহেরপুরে সাংবাদিক সম্মেলনের বিরুদ্ধে পাল্টা সাংবাদিক সম্মেলন

মেহেরপুরে সাংবাদিক সম্মেলনের বিরুদ্ধে পাল্টা সাংবাদিক সম্মেলন করেছেন মেহেরপুর সদর উপজেলা ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়নের সভাপতি আব্দুল করিম।

উপজেলা ইমারত নির্মাণকারী শ্রমিক ইউনিয়নের আয়োজনে গতকাল বুধবার রাত সাড়ে ৮ টার দিকে সদর উপজেলা ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়ন অফিসে এ সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়।

এসময় সদর উপজেলা ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়নের সভাপতি আব্দুল করিম,সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম, সদস্য কুতুব উদ্দিন ও বাবু তাদের বক্তব্যে বলেন, গতকালকে ঘটে যাওয়া সংবাদ সম্মেলনে তোলা অভিযোগ, “প্রভাব দেখিয়ে জোরপূর্বক ভোট করিয়ে ক্ষমতায় থাকা, কোন সাধারণ শ্রমিকদের খাতে হিসেব দিতে না পারা, বেকার বয়স্ক শ্রমিকদের ১১ মাস বেকার ভাতা না দেওয়া” এই সব অভিযোগ সম্পুর্ন মিথ্যা ও ভিত্তিহীন।

তারা আরো বলেন, মেহেরপুর সদর উপজেলা ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়নের কমিটি নিয়ে সাবেক সভাপতি সহিদুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক মোঃ ফুরকান আলী, সাবেক সাংগঠনিক সম্পাদক আজিজুল ইসলাম যা বলেছেন তা মিথ্যা, বানোয়াট এবং উদ্দেশ্য প্রণোদিত।